

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
তানোর, রাজশাহী।

fisheries.tanore.rajshahi.gov.bd

স্মারক নং : ৩৩.০২.৮১৯৪.৫০১.২৭.০০৩.১৯.৮৩


তারিখ: ২০ শ্রাবন ১৪৩২ বঙ্গাব্দ ।
০৪ আগস্ট, ২০২৫ খ্রি.।

কোটেশন বিজ্ঞপ্তি

এতদ্বারা প্রকৃত পোনা ব্যবসায়ী/মৎস্য ব্যবসায়ী/খামার মালিক/হ্যাচারী মালিকদের অবগতির জন্য জানা যাচ্ছে যে, রাজশাহী জেলার তানোর উপজেলা নির্বাচিত জলাশয়ে রুই, কাতলা, মৃগেল, কালবাউস ও ঘনিয়া (১০-১৫ সেঃমিঃ) আকারের ৩৪২.৮৬ কেজি মাছের পোনা অবমুক্ত ও ক্রয়ের জন্য নিম্ন বর্ণিত শর্ত সাপেক্ষে কোটেশন দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্র সমূহ ০৪/০৮/২০২৫ হতে ০৭/০৮/২০২৫ খ্রি. সময় ১২.০০ টা পর্যন্ত নিম্ন স্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে।

শর্তাবলী

- ১। প্রতি কেজি মাছের গড় মূল্য অংকে ও কথায় নিজ প্যাডে স্পষ্টভাবে উল্লেখ করতে হবে।
- ২। কোটেশনে উল্লেখিত দর বর্তমান বাজার দরের সহিত সঙ্গতিপূর্ণ হতে হবে।
- ৩। দরদাতাকে, সুস্থ, সবল ও রোগমুক্ত জীবন্ত পোনা নিজ খরচে নির্ধারিত স্থানে পোনা বুঝে না দেওয়া পর্যন্ত সংরক্ষণের দায়িত্ব সরবরাহকারীর নিজের।
- ৪। দরদাতাকে হালনাগাদ ট্রেড লাইসেন্সের সত্যায়িত ফটোকপি কোটেশনের সহিত দাখিল করতে হবে।
- ৫। দরদাতাকে রুই, কাতলা ও মৃগেল (১০-১৫ সেঃমিঃ) আকারের ৪০%, ৩০% ও ৩০%, সুস্থ, সবল ও রোগমুক্ত ৩৪২.৮৬ কেজি মাছের পোনা সরবরাহ করতে হবে।
- ৬। কার্যাদেশ প্রদানের ০৭(সাত) দিনের মধ্যে নির্ধারিত স্থান সমূহে পোনা মাছ সরবরাহ করতে হবে।
- ৭। বিল হতে সরকারী বিধি মোতাবেক আয়কর/ভ্যাট কর্তন করা হবে এবং কোন প্রকার আংশিক বিল প্রদান করা হবে না।
- ৮। উপরোক্ত শর্তাবলী ছাড়াই কর্তৃপক্ষ প্রয়োজনে আরও শর্তাবলী আরোপ করতে পারেন এবং যে কোন কোটেশন বাতিল করা ক্ষমতা সংরক্ষণ করেন।


০৪.০৪.২০২৫
(মোহা: বাবুল হোসেন)

উপজেলা মৎস্য কর্মকর্তা
তানোর, রাজশাহী।

ও

সদস্য সচিব


জলাশয় নির্বাচন, পোনা মাছ সংগ্রহ ও অবমুক্তকরণ কমিটি

স্মারক নং : ৩৩.০২.৮১৯৪.৫০১.২৭.০০৩.১৯.৮৩/১(১০)

তারিখ: ২০ শ্রাবন ১৪৩২ বঙ্গাব্দ ।
০৪ আগস্ট, ২০২৫ খ্রি.।

সদয় জ্ঞাতার্থে জন্য প্রেরণ করা হলো।

- ১। জেলা মৎস্য অফিসার, রাজশাহী।
- ২। উপজেলা নির্বাহী অফিসার, তানোর, রাজশাহী।
- ৩। উপজেলা অফিসার, তানোর, রাজশাহী।
- ৪। জনাব,
- ৫। নোটিশ বোর্ড।
- ৬। সংশ্লিষ্ট নথি।


০৪.০৪.২০২৫
উপজেলা মৎস্য কর্মকর্তা
তানোর, রাজশাহী।